

ঢাকা ওয়াসা

- ১। মজ্স জোন-৩ এর ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। ঢাকা ওয়াসা আইন কর্মকর্তা হতে প্রাপ্ত পত্র।
- ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ মজ্স জোন-৩ এর আওতাধীন এলাকায় বুড়িগঙ্গা নদীর দূষন রোধকল্পে গণসচেতনতা বৃদ্ধির করার জন্য ব্যানার ও লিফলেট তৈরী এবং মাইকিং কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বুড়িগঙ্গা নদীর দূষন রোধ কল্পে মহামান্য হাইকোর্টে জনস্বার্থে Human Rights Peace for Bangladesh (HRPB) কর্তৃক রীট পিটিশন নং- ৩৬৭৬/২০১০ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট গত ০৯/০৩/২০২১ ইং তারিখে যে আদেশ প্রদান করেন তা বাস্তবায়নের জন্য ঢাকা ওয়াসার আওতাধীন যে সকল হোল্ডিং/প্রতিষ্ঠানে সেপটিক ট্যান্ক (Septic Tank) এবং সোক পিট (Soak Pit) নেই, সেই সকল হোল্ডিং/প্রতিষ্ঠানকে আগামী ০৩ মাসের মধ্যে সেপটিক ট্যান্ক (Septic Tank) এবং সোক পিট (Soak Pit) নির্মাণ করার জন্য অনুরোধ জানিয়ে জাতীয় দৈনিক পত্রিকায় গত ২৫/০৩/২০২১ ইং তারিখে গণ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। তারপরেও কিছুসংখ্যক গ্রাহক সেপটিক ট্যান্ক (Septic Tank) এবং সোক পিট (Soak Pit) নির্মাণ করেননি। তাই পুনরায় গণসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে পুরাতন ঢাকার বিভিন্ন স্থানে ব্যানার স্থাপন, লিফলেট বিতরন ও মাইকিং করা প্রয়োজন।

২। উপরিউক্ত বর্ণনার আলোকে উক্ত কাজটি করার জন্য বাজার দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে টা: ২৪,৫০০.০০ (চব্বিশ হাজার পাঁচশত) টাকা মাত্র (ক্রমিক নং: ৩৮)। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মজ্স জোন-৩ এর ২০২৬-২৭ অর্থ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.20(16) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি “প্রধান প্রকৌশলী” মহোদয়ের অনুমোদন এস্তিয়ারভুক্ত।

P. t. o


৩) এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন-৩ এর আওতাধীন এলাকায় বুড়িগঙ্গা নদীর দুখন রোধকল্পে গণসচেতনতা বৃদ্ধির করার জন্য ব্যানার ও লিফলেট তৈরী এবং মাইকিং কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ


ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ৳২৪,৫০০/- (চব্বিশ হাজার পাচশত) টাকা মাত্র এর অনুমোদন;


খ) পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং


গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৬-২৭ অর্থ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.20(16) হতে নির্বাহ করার অনুমোদন।


বর্ণিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।


মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াশা


মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াশা।


সালেহ মোহাম্মদ তাওসিক
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াশা।


আলমীয়ার হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াশা।


SE, MODS CR-1
মোঃ শিবরাজ আলম
উপ-সহকারী প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াশা।

SE MODS-1

